

নং-৪৬.৪২.৮৯০০.০০০.১৪.০৩১.১৫.২২৬৮

২০ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ
তারিখঃ ২৪ মে ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০১৫-২০১৬ অর্থ বছরে শেরপুর জেলা পরিষদের বরাদ্দের আওতায় গৃহীত পরিবর্তিত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন সংক্রান্ত।


সূত্রঃ শেরপুর জেলা পরিষদের স্মারক নং-জেপশে/প্রকৌ-শা:/উন্নয়ন/২০১৬-১৭/৩৩৬/১(২), তারিখঃ ১৫/৩/২০১৭।

২০১৫-২০১৬ অর্থ বছরে শেরপুর জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দ উপখাতের আওতায় ৫,৩৭,২৬৬/- (পাঁচ লক্ষ সাঁইত্রিশ হাজার দুইশত ছিষটি) টাকায় অনুমোদিত নালিতাবাড়ী গড়কান্দা নদীর (গানি ব্যাগ দ্বারা) বাঁধ নির্মাণ প্রকল্পটি পরিবর্তন করে সমপরিমাণ অর্থে কালিনগর-রানীনগর প্রাইমারী স্কুল রাস্তা (সামাদের বাড়ী সংলগ্ন ব্রীজ হইতে জামালের বাড়ী পর্যন্ত) WBM দ্বারা উন্নয়ন প্রকল্পটি নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলোঃ

অনুমোদিত প্রকল্পের নাম	বরাদ্দের পরিমাণ	পরিবর্তিত প্রকল্পের নাম	বরাদ্দের পরিমাণ
নালিতাবাড়ী গড়কান্দা নদীর (গানি ব্যাগ দ্বারা) বাঁধ নির্মাণ	৫,৩৭,২৬৬/-	কালিনগর-রানীনগর প্রাইমারী স্কুল রাস্তা (সামাদের বাড়ী সংলগ্ন ব্রীজ হইতে জামালের বাড়ী পর্যন্ত) WBM দ্বারা উন্নয়ন	৫,৩৭,২৬৬/-

শর্তসমূহঃ

- ১) প্রকল্পটির প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী এলজিইডি, শেরপুর কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে ;
- ২) পিপিআর ২০০৮- এর এসংক্রান্ত সকল বিধি-বিধান অনুসরণপূর্বক প্রকল্পটি বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ৩) প্রকল্পটি বাস্তবায়নের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে ;
- ৪) দৈততা পরিহারের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক বর্ণিত রাস্তার উন্নয়ন কাজ করা হয়নি মর্মে প্রত্যয়ন গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ৫) প্রকল্পটি সমাপ্তির পর প্রকল্প স্থানে “জেলা পরিষদ শেরপুর এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত” বাক্যটি লিখে ফলক লাগাতে হবে।


(জুবাইদা নাসরীন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-igzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, শেরপুর।

অনুলিপি :

- ১। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ (অনুমোদিত প্রকল্পটি সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। চেয়ারম্যান, জেলা পরিষদ, শেরপুর।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।